চিকিৎসার গাফিলতিতে শিশুমৃত্যুর অভিযোগ সিউড়ি হাসপাতালে

নিজস্ব সংবাদদাতা, সিউড়ি : চিকিৎসার গাফিলতিতে শিশু মৃত্যুর অভিযোগ উঠল সিউড়ি জেলা হাসপাতালে। ১১ তারিখ বীরভূমের মহম্মদবাজার থানার কইঁভুলি গ্রামের বাসিন্দা অম্বর সাহা প্রসব যন্ত্রণা ওঠায় তাঁর স্ত্রী পিঙ্কি সাহাকে প্যাটেলনগর স্বাস্থ্যকেন্দ্রে ভর্তি করান। কিন্তু, সন্তান প্রসব হওয়ার পরেই তাঁর শরীর থেকে রক্তপাত হতে থাকে। তখন স্বাস্থ্যকেন্দ্রের ডাক্তাররা তাঁকে সিউড়ি জেলা হাসপাতালে রেফার করেন। ওইদিনই রাতে সিউড়ি জেলা হাসপাতালে স্ত্রীকে ভর্তি করান অম্বর সাহা। তাঁর অভিযোগ, এরপর তাঁর স্ত্রী সুস্থ হয়ে যান। কিন্তু বুধবার রাতে তাঁর সন্তানের জ্বর আসে। বৃহস্পতিবার ডাক্তার শিশুকে দেখে কিছু ওষুধ লিখে হাসপাতাল থেকে ছুটি দিয়ে দেয়। পিঙ্কিদেবীর অভিযোগ, শিশুর গায়ে জ্বর থাকা সত্ত্বেও ছুটি দেওয়া হয়েছিল। এরপর তাঁরা বাড়িতে এসে দেখতে পান তার হাত-পা নীল হয়ে যাচ্ছে। তখন ফের হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসাকরা শিশুটিকে মৃত বলে ঘোষণা করেন।

অম্বর সাহার অভিযোগ, ফের হাসপাতালে নিয়ে গেল তাঁদের জানানো হয় ২ ঘণ্টা আগেই মৃত্যু হয়েছে শিশুর। অথচ সেই সময় তাঁরা হাসপাতালে ছিলেন। ফলে হাসপাতালে থাকাকালীন মৃত্যু হয়েছে শিশুর। এই ঘটনায় চিকিৎসায় গাফিলতির অভিযোগ তুলে সুপারের কাছে অভিযোগ দায়ের করেছেন তাঁরা।

সুডোকু মেলাও বুদ্ধি বাড়াও

	1					9	6	
7		5			9	1		8
2								
6		8	7	1			3	
			3		5			
	5			2	6	8		1
								7
4		9	8			2		6
	6	7					8	

গতকালের সমাধান

4	9	8	1	7	3	5	6	2
5	3	1	2	8	6	4	7	9
2	6	7	9	5	4	3	8	1
8	1	4	3	2	5	6	9	7
6	5	9	4	1	7	8	2	3
7	2	3	6	9	8	1	4	5
9	7	6	5	4	1	2	3	8
1	4	2	8	3	9	7	5	6
3	8	5	7	6	2	9	1	4

আবহাওয়া

পূর্বাভাস: শনিবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা থাকবে যথাক্রমে ৩১ ডি গ্রি ও ২৬ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি। **তাপমাত্রা:** শুক্রবার সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা ছিল যথাক্রমে ৩১ ডিগ্রি ও ২৬ ডিগ্রি সেলসিয়াস। **আপেক্ষিক আর্দ্রতা:** সর্বাধিক ৮৫ শতাংশ। **সূর্যোদয়:** ঘ ৫।১৪, **সূর্যাস্ত:** ঘ ৬:০৬ **জোয়ার:** দুপুর :১২:৫০। **ভাঁটা:** সকাল : ৮:১৮।

— সমাধানের নিয়ম —

এমন ভাবে শূন্য ঘরগুলো পূরণ করতে হবে যেন প্রতিটি সারিতে ও প্রতিটি কলমে ১ থেকে ৯ সংখ্যাগুলো মাত্র একবার থাকে।

সোনা-রুপোর বাজার দর

	টাকা
পাকা সোনা (১০ গ্রাম):	৩০,০৭৫
গহনা সোনা (১০ গ্রাম):	২৮,৫৩৫
হলমার্কগহনা:	২৮,৯৮৫
(২২ ক্যারেট ১০ গ্রাম):	
রুপোর বাট (প্রতি কেজি):	৩৮,২০০
খুচরো রুপো (প্রতি কেজি):	৩৮,৩০০

সৌজন্যে: পশ্চিমবঙ্গ বুলিয়ান মার্চেন্টস অ্যান্ড জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজার দর (মূল্যযুক্ত কর অন্তর্ভুক্ত)।

বিজ্ঞপ্তি

এই পত্রিকায় প্রকাশিত কোনও বিজ্ঞাপন ও তার বিষয়ে কোনও দায়িত্ব আমরা স্বীকার করি না এবং আমাদের ওপর বর্তায় না।

- সম্পাদক

শেয়ারসূচক

BSE 38,251.80 ▼ (-84.96)
NIFTY 11,566.60 ▼(-4.30)

শব্দলিপি- ১৩১২



বিশ্বনাথ পাল

পাশাপাশি ঃ ১। কুলায় কাঁপিছে কাতর— ' (রবীন্দ্রনাথ) ৩। পর্যাপ্তজাত ৫। অন্ধকার ৭। তপন সিংহ পরিচালিত জনপ্রিয় ছায়াছবি, নিজেদের লোক ৮। অন্য কোনো গতি নেই যার ৯। কুমারীর গর্ভজাত সন্তান ১১। নয় বেঁটায় যুক্ত তাস ১২। বর্জিত

উপরনীচ ঃ ১। 'কাজ নেই আর— রিক্ততা' (সুবাস্তু) ২। ভয় ৩। মহাদেব ৪। পিতামাতা ৬। বিষ্ণু ৭। ত্রিপুরার রাজধানী ৯। কর্মকার ১০। 'দেশদেশ— করি মন্ত্রিত তব ভেরী'।

সমাধান ঃ শব্দলিপি - ১৩১১

পাশাপাশি ঃ ১। নবাবি ৫। জয়ন্ত ৬। বৈনতেয় ৭। লকেট ৯। লক্ষ্মীশ ১০। বিবিবিবি ১২। পটকা ১৩। সমর

উপরনীচ ঃ ১। নয়ন ২। বিজয়লক্ষ্মী ৩। ভজঘট ৪। অন্তরাটপুনি ৬। বৈরিভাবাপন্ন ৮। কেশবিন্যাস ৯। লঙ্কাকাম ১১। বিধার

শব্দলিপি নির্মাতাদের প্রতি: একটি বিশেষ ছক ও পাঁচটি সাধারণ ছক আছে। যাঁরা শব্দলিপি পাঠাতে চান, তাঁরা একপাতায় সমাধানসহ ছক ও অন্য পাতায় সূত্র এবং সূত্রের সমাধান লিখে পাঠাবেন। মনোনীত হলে প্রকাশিত হবে।

বিভাংশু দত্ত, সম্পাদক, 'শব্দলিপি' বিভাগ।

সিপিএমের লং-মার্চ নিয়ে তির্যক মন্তব্য করলেন অনুব্রত

নিজস্ব সংবাদদাতা, রামপুরহাট : ডাক্তারে হাঁটতে বলেছে তাই বামেরা লং মার্চ করছে। আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত ২০০ কিলোমিটার লং মার্চ প্রসঙ্গে এই মন্তব্য করলেন বীরভূম জেলা তৃণমূল কংগ্রেস সভাপতি অনুব্রত মণ্ডল। ৩০ সেপ্টেম্বর থেকে শুরু করে ২ অক্টোবর পর্যন্ত ২০০ কিলোমিটার পদযাত্রা করবে সিপিএম সহ মোট ৭টি শরিক দল। প্রসঙ্গে প্রতিক্রিয়া জানতে চাওয়া হয় অনুব্রত মণ্ডলের। তিনি বলেন, 'বৃন্দা কারাতদের ডাক্তারে হাঁটতে বলেছেন।

পিজি-তে বিমান বসু, সূর্যকান্ত মিশ্রদের ডাক্তারে হাঁটতে বলেছে তাই ওঁরা হাঁটছেন। এমনি হাঁটলে তো লোকে খারাপ বলবে, তাই প্রোগ্রাম দিয়ে হাঁটছে।'

বীরভূমের লোহাপুর থেকে সেই লং মার্চের সূচনা করবেন সিপিএম নেত্রী বৃন্দা কারাত। অনুব্রতবাবুর এই মন্তব্যের নিন্দা করে সিপিএম জেলা কমিটির সম্পাদক মনসা হাঁসদা বলেন, 'কাকে বেশি হাঁটতে হয় সেটা সাধারণ মানুষ জানে। জেলার মানুষকে বোঝাতে হবে না। ২০১৯-এ বোঝা যাবে কারা বেশি হাঁটতে পারে।'

এদিকে বৃহস্পতিবার রামপুরহাট ১ ও ২ ব্লকের প্রতিটি পঞ্চায়েত প্রধান ও উপপ্রধানের নাম ঘোষণা করে তৃণমূল। শুক্রবার সেই প্রধানদের কড়া বার্তা দেন তৃণমূল জেলা সভাপতি। তিনি বলেন, 'যদি কোনও খারাপ কাজ দেখি পুলিশকে বলব। সরিয়ে দেব।'

হাওড়ার জগাছার ধাড়সা পঞ্চাননতলায় রাস্তা খারাপ, জমা জল, বেহাল নিকাশি ব্যবস্থা ও ভ্যাট পরিষ্কার না করার প্রতিবাদে বাসিন্দাদের পথ অবরোধ।

আমডাঙার ঘটনায় ডিএসপি-কে ডেপুটেশন বামপন্থী আইনজীবী সংগঠনের

স্টাফ রিপোর্টার, বারাসত : আমডাঙায় সাধারণ মানুষের উপর দমনপীড়ন চালাচ্ছে পুলিশ। এই অভিযোগ তুলে বৃহস্পতিবার পুলিশ সুপারের দফতরে ডেপুটেশন জমা দেয় বামপন্থী আইনজীবী সংগঠনের পাঁচ সদস্যের একটি প্রতিনিধি দল। এর বিরুদ্ধে সাংবিধানিক আদালতে যাওয়ারও হুঁয়িশারি দেন সংগঠনের রাজ্যে সম্পাদক অরিন্দম ভট্টাচার্য। তাঁর বক্তব্য, 'আমডাঙায় সাধারণ মানুষের সাংবিধানিক অধিকার কেড়ে নেওয়া হয়েছে। তাই, সংবিধানের একজন কর্মী হিসেবে আমরা চুপ করে থাকতে পারি না। এলাকার শান্তি ও নিরীহ মানুষের বিরুদ্ধে মিথ্যা মামলা বন্ধ করাতে আমরা পুলিশ সুপারের দফতরে এসে ডিএসপি সুভাশিস চৌধুরিকে একটি স্মারকলিপি জমা দিয়েছি। আমরা তাঁকে সাতদিন সময় দিয়েছি।

এরমধ্যে আমাদের দাবি বিবেচিত না হলে সাংবিধানিক আদালতের দ্বারস্থ হব আমরা।'

পুলিশের ভূমিকা নিয়ে তিনি বলেন, যেভাবে পুলিশ পক্ষপাতিত্ব করে বামপন্থী জনপ্রতিনিধিদের মিথ্যা মামলায় গ্রেফতার করছে, তা নিন্দা করার কোনও ভাষা নেই। একজন বাম সাংসদও আমডাঙায় ঢুকতে পারছেন না। রাজ্যে গণতন্ত্র যে নেই, তা এই ঘটনায় পরিষ্কার।' রাজ্যের শাসকদলের প্রসঙ্গে তিনি বলেন, 'দেশের কোনও জায়গায় কোনও ঘটনা ঘটলেই তৃণমূল সমালোচনা করতে ব্যস্ত হয়ে পড়ে। অথচ আমডাঙাসহ অন্য কোনও ঘটনায় তাদের মুখ খুলতে দেখা যায় না।'

পঞ্চায়েতে বোর্ড গঠনকে কেন্দ্র করে ১৮ আগস্ট উত্তপ্ত হয়ে ওঠে আমডাঙা থানার তাড়াবেড়িয়া গ্রাম পঞ্চায়েত। তৃণমূল না সিপিএম, কে বোর্ড গঠন করবে তা নিয়ে দু'পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়। চলে বোমা ও গুলি। মৃত্যু হয় দু'পক্ষের তিনজনের।

ঘটনার পরের দিন থেকেই একাধিক বাড়িতে তল্লাশি শুরু হয়। তল্লাশির সময় বেশ কয়েকটি বাড়ি থেকে আগ্নেয়াস্ত্রও উদ্ধার করে পুলিশ।

ঘোজাডাঙায় অবরোধের জেরে বন্ধ ভারত-বাংলাদেশ সীমান্ত বাণিজ্য

নিজস্ব সংবাদদাতা, বসিরহাট : দেশের দ্বিতীয় বৃহত্তম স্থলবন্দর ঘোজাডাঙায় অবরোধের জেরে বৃহস্পতিবার সকাল থেকে বন্ধ রয়েছে ভারত-বাংলাদেশ সীমান্ত বাণিজ্য।

বসিরহাট জেলা ট্রাক মালিক সেবা সমিতির পক্ষ থেকে ভারত-বাংলাদেশ সীমান্তের বিএসএফ চেকপোস্টের কাছে গাছের গুঁড়ি ফেলে গুন্ড সাতক্ষীরা রোড অবরোধ করা হয়। এর জেরে সার দিয়ে দাঁড়িয়ে পড়ে ভারত-বাংলাদেশের প্রায় ৩০০ পণ্যবাহী লরি। ফলে, সীমান্তবর্তী এলাকায় ব্যবসা বাণিজ্য প্রায় বিপর্যয়ের মুখে পড়েছে। কয়েক কোটি টাকার ক্ষতির আশঙ্কা করছে ব্যবসায়ী মহল।

ট্রাক মালিক সংগঠনের সম্পাদক খোকন গাজি জানিয়েছেন, যেসব লরি ভারত থেকে বাংলাদেশে পণ্য আনলোড করতে যায়, সেইসব গাড়ির চালক ও খালাসির মধ্যে দুর্ব্যবহার করার পাশাপাশি অতিরিক্ত টাকা চাওয়া হয়। মারধরও করা হয়। বহুবার আলোচনা সত্ত্বেও এই সমস্যার সমাধান হয়নি। এছাড়া ঘোজাডাঙা সি অ্যান্ড এফ সংস্থা আগে ফরওয়ার্ড ও ক্লিয়ারিংয়ের জন্য ১০চাকার লরিপিছু ১০০০ টাকা ও ছয় চাকার জন্য ৪০০ টাকা করে নিত। কিন্তু, ইদানীং সেই টাকা বেড়ে দাঁড়িয়েছে যথাক্রমে ১২০০ ও ৬০০ টাকায়।

ট্রাক মালিক সেবা সমিতির অভিযোগ, কারও সঙ্গে আলোচনা না করেই হঠাৎ টাকা বাড়িয়ে দেওয়া হয়েছে।

আমডাঙায় বিমান বসুর সভার অনুমতি না দিলেই মামলা, হুঁশিয়ারি বামেদের

নিজস্ব সংবাদদাতা, বারাসত : আমডাঙায় বিমান বসুর সভার অনুমতি না পেলে হাইকোর্টে মামলা করার হুঁশিয়ারি দিল জেলা বাম নেতৃত্বে। শুক্রবার একথা জানালেন সিপিএম উত্তর ২৪ পরগনা জেলার সম্পাদক মৃণাল চক্রবর্তী। ওই সভার জন্য এখনও অনুমতি দেওয়া হয়নি।

১৬ সেপ্টেম্বর আমডাঙার সভা করার পরিকল্পনা করেছে বামেরা। মৃণালবাবুর অভিযোগ, আমডাঙায় অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সভার অনুমতি দিলেও বিমান বসুর সভা করতে অনুমতি দেওয়া হচ্ছে না। তিনি বলেন, 'আমরা আমডাঙায় সভার জন্য পুলিশের কাছে অনুমতি চেয়েছিলাম। কিন্তু এখনও তা দেওয়া হয়নি। আমরা বিষয়টি নিয়ে আইনজীবীদের সঙ্গে কথা বলছি। তারপরই হাইকোর্টের দ্বারস্থ হয়ে পুলিশের পক্ষপাতিত্বের কথা তুলে ধরব।' তিনি আরও বলেন, 'অনুমতি দেওয়া নিয়ে পুলিশের টালবাহানা দেখে আমরা পুলিশ সুপারের সঙ্গে দেখা করে কথা বলতে চেয়েছিলাম। কিন্তু আমাদের কখন আসব, তা উনি এখনও জানাননি।'

গত ৩ সেপ্টেম্বর বামেদের থানা ঘেরাও কর্মসূচিতে আমডাঙায় ঢুকতে দেওয়া হয়নি সাংসদ মহম্মদ সেলিম, বিধায়ক তন্ময় ভট্টাচার্য সহ অন্যদের। আমডাঙা থেকে চার কিলোমিটার দূরে সন্তোষপুর মোড়ে তাদের মিছিল আটকে দেয় পুলিশ। এ বিষয়ে পুলিশের সঙ্গে ঝামেলায় জড়িয়ে পড়েন বাম নেতা ও কর্মীরা। এর ঠিক দু'দিন পরে ওই মোড়েই আটকে দেওয়া হয় প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর চৌধুরির নেতৃত্বে কংগ্রেসের মিছিল।

বিরোধীদের আমডাঙায় ঢুকতে বাধা দেওয়া প্রসঙ্গে পুলিশের যুক্তি, আমডাঙায় আইন শৃঙ্খলার অবনতি হতে পারে। তাই ঢুকতে দেওয়া হচ্ছে না। প্রশাসন সূত্রে খবর, ১৬ সেপ্টেম্বর বিমান বসুর সভার অনুমতি দেওয়া হবে না। মাধবপুর বাজারের সভা করার অনুমতি চাওয়া হলেও ওইদিন বামেরা সভা করতে এলে অনেক আগেই আটকে দেওয়া হবে তাদের।

পূর্ব মেদিনীপুরে চণ্ডীপুরের কল্পনা চিত্রকর পটে আদিবাসী জীবন কাহিনি এঁকে পেলেন জাতীয় পুরস্কার। শুক্রবার ছত্তীসগড়ের রায়পুরে এক বিশেষ অনুষ্ঠানের মাধ্যমে এই পট শিল্পীর হাতে জাতীয় পুরস্কার তুলে দিলেন ছত্তীগড়ের মুখ্যমন্ত্রী রমন সিং। কল্পনা চিত্রকরের এই সাফল্যের কথা জানার পরেই পূর্ব মেদিনীপুর জুড়ে খুশীর হাওয়া।

নামখানা সেতুর বেহাল অবস্থা, জরুরি সংস্কার প্রয়োজন

নিজস্ব সংবাদদাতা, কাকদ্বীপ : নামখানা থেকে বকখালি যাওয়ার ১১৭ নম্বর জাতীয় সড়কের উপর দশমাইল বাজারে কাছে এডোয়ার্ড ক্রিক নদীর সেতুটির অবস্থাও ভাল নয়। সেতুর বয়স প্রায় পঞ্চাশ বছরের উপর। সেতুর মাঝখানে যে পিলার আছে। সেখানে ফাটল ধরেছে। স্থানীয় সূত্রে জানা যাচ্ছে বহুদিন কোনও মেরামতের কাজ হয়নি। সামনে পুজো। এইসময় বকখালিতে পর্যটকদের আসা শুরু হয়ে যাবে। স্থানীয় বাস ড্রাইভারদের বক্তব্য বড় বড় ট্রাক স্টোনচিপ, বালি ইত্যাদি ওভারলোড করে নিয়ে আসে। মাঝেরহাট ব্রিজকাণ্ডের পর কিছুটা নিয়ন্ত্রণ হলেও অবিলম্বে সেতুর মেরামত না হলে যে কোনও সময় দুর্ঘটনার ঘটতে পারে। বকখালি হোটেল সংগঠনের দুএকজন কর্মকর্তারবক্তব্য আগামী একমাসের মধ্যে সেতুর মেরামতি কাজ না হলে সমস্যায় পড়বেন পর্যকটরা। একদিকে হাতানিয়ার দোয়ানিয়া নদী পারাপারের সমস্যা তার উপর কাকদ্বীপ, নামখানা সেতুর যদি বেহাল অবস্থা হয় তাহলে যাহতহবে পর্যটন ব্যবসা। চিন্তায় বকখালির হোটেল গুলি।

বিজ্ঞপ্তি

মোকাম বারাকপুর
ডিস্ট্রিক্টডেলিগেট আদালত,
জেলা- উত্তর ২৪ পরগণা।
মিস কেস নং-১৫৬/২০১৭

(সাকসেশন)

এতদ্বারা সর্ব সাধারণকে জানানো যাইতেছে যে, দরখাস্তকারী-শ্রীমতি পুষ্পা দে, স্বামী স্বর্গীয় তপন কুমার দে, উভয়ের সাং- খাসবাটী, সাউথ রোড, পোঃ হাজিনগর, থানা-বীজপুর, জেলা উত্তর ২৪ পরগনা। ১নং দরখাস্তকারিনীর স্বামী ও ২ নং দরখাস্তকারিনীর পিতা মৃত তপন কুমার দে, পিতা মৃত রামচন্দ্র দে, সাং- উপরোক্ত-এর ই: এস:আই: কর্পোরেশন-এর হাজিনগর ব্রাঞ্চ অফিসে- পিঃডিঃ বেনিফিৎ বাবদ তাক্ত ১৬,২০১ যোল হাজার দুইশত এক টাকার সাকসেশান সার্টিফিকেট পাইবার জন্য আদালতে উপরোক্ত কেস করিয়াছেন।

ইহাতে কাহারও কোন আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে জানাইবেন। নচেৎ আইন আমলে আসিবে।

অনুমত্যানুসারে
ঋত্বিকা দাস
সেরেস্তাদার
বারাকপুর ডিষ্ট্রিক্ট ডেলিগেট
আদালত, উত্তর ২৪ পরগনা।

'হারানো পুত্র'

নিজস্ব সংবাদদাতা : সমীর ঘোষ-এর পরিচালনায় আয়োজিত নতুন পুতুল নাটক 'হারানো পুত্র', সহযোগিতায় সংস্কৃতি মঞ্চক, ভারত সরকার। নাটকটি পরিবেশিত হতে চলেছে উঃ ২৪ পরগনা জেলার বাদুড়িয়ার স্বনির্ভর'-এ আগামী ১৮ই সেপ্টেম্বর, ২০১৮ সন্ধ্যা ৬.০০টা নাগাদ।

একদা একটি গ্রামে এক ব্যবসায়ী তার স্ত্রী ও দুই পুত্র রতন ও মানিকের সঙ্গে বসবাস করত। সে তার দুই পুত্রকেই সমানভাবে লেখাপড়া শেখানোর চেষ্টা করেছিল। কিন্তু বড় ছেলে রতন দুষ্টু ছিল এবং লেখাপড়া ছেড়ে দিয়ে বাবার টাকায় বিলাসবহুল জীবনযাপন করত ও ঘুরে বেড়াত। তাই মানিক বড় হলে তার বাবা তাকে ব্যবসায়ের দায়িত্ব দেয়। তা দেখে রতন বাবার উপর রাগারাগি ও ঝগড়া করে এবং নিজের সম্পত্তির ভাগ চেয়ে নেয়। সম্পত্তি ভাগ করার পর রতন তার নিজের অংশ সমস্ত সম্পত্তি নিয়ে বাড়ি ছেড়ে চলে যায় এবং সুন্দরী নামের এক বেশ্যার সঙ্গে আমোদ প্রমোদে জীবন কাটাতে থাকে।

একসময়ে রতনের সমস্ত পুঁজি শেষ হয়ে যায় এবং সুন্দরীকে আর টাকা না দিতে পারায় সেও রতনকে তাড়িয়ে দেয়। নিঃস্ব রতন অবশেষে তার এক বন্ধু কালিয়ার বাড়িতে আশ্রয় নেয়। কালিয়া রতনকে তার বাড়িতে থাকতে খেতে দেয় কিন্তু বিনিময়ে রতনকে সারাদিন মাঠে ছাগল চরাতে হয় এবং বেশিরভাগ দিনই রতন আধপেটা থেকে যায়। রতন পরিশ্রম ও খিদের জ্বালায় কালিয়াকে অভিযোগ জানালে, সে রতনকে চলে যাওয়ার প্রস্তাব দেয়। হতাশ রতন ঘরের কথা মনে করলে, তখন তার অনুশোচনা হয় এবং সে নিজের ভুল বুঝতে পারে। সে ঠিক করে বাবার কাছে ক্ষমা চেয়ে সেখানেই মজুর হয়ে থাকবে।

বাড়ি ফিরে রতন তার বাবা, মা ও ভাই মানিকের কাছে সমস্ত ভুলের জন্য ক্ষমা চায় এবং তখন রতনের বাবা তাকে ক্ষমা করে ও বাড়িতে ভোজের আয়োজন করে। এইভাবে ব্যাবসাী তার হারানো পুত্রকে ফিরে পায়।

মিষ্টির দোকানে আগুন

নিজস্বসংবাদদাতা, দক্ষিণ ২৪পরগনা: ভয়াবহ অগ্নিকাণ্ডেপুড়েছাইহয়েগেল তিনটি দোকান। ঘটনাটি ঘটেছেশুক্রবারসকালেক্যানিংরোডকলেজহাটে। স্থানীয়সূত্রে জানা গিয়েছে, এদিন সকালে কলেজহাটের একটি মিষ্টির দোকানে প্রথমে আগুন লাগে। গ্যাসের সিলিন্ডার ফেটে সেই আগুন লাগে বলে প্রাথমিকভাবে জানা গিয়েছে। মুহূর্তে সেই আগুন চেহারা নেয় বিধ্বংসী পরপর আরও কয়েকটি দোকানে সেই আগুন ছড়িয়ে পড়ে। এরমধ্যে সাইকেলের দোকানও রয়েছে। স্থানীয়দের অভিযোগ, দমকলকে খবর দেওয়া হলে সেই ফোন কেউধরেনি। এরফলেই আগুন এতটা আগ্রাসী রূপ নেয়। আগুন লাগার প্রায় একঘণ্টার দশমিনিট পর দমকলের একটি ইঞ্জিন ঘটনাস্থলে আসে বলে স্থানীয়দের দাবি।

হাওড়ায় লরির ধাক্কায় পুলিশের মৃত্যু

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : হাওড়ার নিবড়ায় লরির ধাক্কায় পুলিশের এক এএসআই-এরমৃত্যু হয়েছে। বুধিরামমানডিনামে ওই পুলিশ কর্মী ব্যারাকপুর স্টেট আর্মস পুলিশের কর্মী ছিলেন। বর্তমানে তিনি কোনা ট্রাফিক গার্ডের এএসআই হিসেবে কর্মরত ছিলেন। শুক্রবার ভোররাতে নিবড়া এলাকায় দুর্ঘটনাটি ঘটে। ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। জানা গেছে, তিনি রাস্তা পেরনোর সময় ডিভাইডারে পা আটকে রাস্তায় পড়ে যায়। তখন ইলরি এসে তাঁকে ধাক্কা মারে। মৃতের বাড়ি উত্তরদিনাজপুরের বালুরঘাটে।

এই প্রথম বাইনান গ্রাম পঞ্চায়েতে বোর্ড গঠন করল তৃণমূল

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : কোনবার না পাওয়া হাওড়ার বাগনান ব্লকের বাগনানগ্রামপঞ্চায়েতেদখলকরেবোর্ডগঠনকরল তৃণমূল। তাও আবার ২১-০ ব্যবধানে। তবে এই জয়তে বিরোধীদের অভিযোগ তৃণমূল সন্ত্রাস করে জিতেছে। শুক্রবার এখানে বোর্ড গঠিত হল। তবে কেহবেপ্রধান আর কেহবে উপপ্রধান তাইনিয়েপ্রথমেসামান্যগণ্ডগোলহয়তবেজেলা নেতৃত্বেরহস্তক্ষেপে সেইসমস্যা মেটে। এখানেপ্রধান নির্বাচিত হয়েছেন তাপস হাজরা।

বেলুড়ে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মৃত্যু প্রৌঢ়ের

নিজস্ব সংবাদদাতা, হাওড়া : আবার ডেঙ্গু রোগে আক্রান্ত হয়ে মৃত্যু হল রোগীর। হাওড়ায় ডেঙ্গুতে মৃত্যু হল এক প্রৌঢ়ের। তাঁর নাম উত্তম বড়ুয়া। হাওড়ার বেলুড়ের ৫৬ নম্বর ওয়ার্ডের দীননাথ ঘোষ স্ট্রিটের বাসিন্দা ছিলেন তিনি। সাতদিন আগে জ্বর নিয়ে বেলুড় শ্রমজীবী হাসপাতালে ভর্তি হন। এরপর তাকে হাওড়া জয়সওয়াল হাসপাতালে ভর্তি করা হয়। বৃহস্পতিবার রাতে তার মৃত্যু হয়। মৃত্যুর কারণ হিসেবে ডেথ সার্টিফিকেটে এনএস-১ পজেটিভ, ডেঙ্গু ফিভার লেখা আছে।

Change of Name

I , Jitendra Shaw (New Name) S/o Late Thakur Shaw, R/o 85, Tollygunge Road, P.O.& P.S. Charu Market , Kolkata-700033, W.B declare that My Previous name was Jito Shaw (old name). As per Affidavit on Notary public at Kolkata on 14.09.2018 I became known as Jitendra Shaw.

Change of Name

I, POONAM MOONKA W/O ARUN KUMAR MOONKA R/O 88, CHARUCHANDRA SINGHA LANE 3 RD FLOOR, SANDHYA BAZAR, HOWRAH – 711101 W.B. BY PROFESSION SELF EMPLOYED SHALL HENCEFORTH BE KNOWN AS PRIYANKA MOONKA VIDE AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC KOLKATA ON 11.09.2018.